



প্রকল্পের স্মারক নং: মাউশি/আইসিটিপি-২/৫১/২০১৭/৬৫ তারিখ- ২৬/০২/২০১৯ খ্রি: মোতাবেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকগণের জন্য In-house Training of Teachers (IHT) বাস্তবায়নের জন্য প্রতি উপজেলায় ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি করে ক্লাস্টার গঠন এবং প্রশিক্ষণ ভেন্যু চিহ্নিতকরণ প্রসংগে- জেলা শিক্ষা কর্মকর্তা বরাবর মাউশির ওয়েবসাইটে যে পত্র প্রকাশ করা হয়েছে সে বিষয়ে-

স্পষ্টিকরণ

১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের (৬ষ্ঠ- ১২শ শ্রেণি/সমমান) EIIN নম্বরধারী সকল সরকারি বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসাকে শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে বিবেচনা করতে হবে। প্রকল্প দলিলে শিক্ষা প্রতিষ্ঠান বিবেচনার ক্ষেত্রসমূহ নিম্নরূপ-

The selection criteria for institutions for the project:

- Government School, College and Madrasah;
- Non-government School, College and Madrasah with academic recognition/ approval of teaching from BISE/ BMEB;
- Educational institutions governed by Army, Navy, Air Force, Police Force, BGB, Statutory Body, Police Force, Sector Corporation, City Corporation, Municipality, Autonomous Body and Missionary.

২) প্রতি ক্লাস্টারের প্রশিক্ষণ ভেন্যুতে ৪টি ব্যাচ হবে এবং প্রতি ব্যাচে ২০ জন করে প্রশিক্ষণার্থী থাকবে। এক্ষেত্রে ক্লাস্টার গঠনের জন্য ১-৫ টি (প্রশিক্ষণ ভেন্যু প্রতিষ্ঠানসহ) নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠানকে বিবেচনায় নিতে হবে।

৩) ক্লাস্টার গঠন করতে প্রতি উপজেলায় সর্বশেষ ১ টি ক্লাস্টারে ব্যাচ/শিক্ষা প্রতিষ্ঠান সংখ্যায় তারতম্য হতে পারে। এক্ষেত্রে ঐ রকম ১টি ব্যতিক্রমধর্মী ক্লাস্টার গঠন করা যেতে পারে।


৪) সাধারণত একটি ইউনিয়নের মধ্যবর্তী শিক্ষা প্রতিষ্ঠানকে গুরুত্ব দিয়ে ক্লাস্টার গঠন ও ভেন্যু প্রতিষ্ঠান নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে যাতায়াত, বিদ্যুৎসংযোগ ও ইন্টারনেট সংযোগের বিষয়সমূহকে প্রাধান্য দিতে হবে।

৫) প্রশিক্ষণার্থী শিক্ষকগণকে অবশ্যই বৈধ নিয়োগধারী হতে হবে। এক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি কর্তৃক এডহক নিয়োগ/অতিথি শিক্ষক/চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ বিবেচনায় আসবে না।


৬) সাধারণত ক্লাস্টারভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের BTT কোর্স সম্পন্নকারী (প্রকল্পের আওতায়) শিক্ষকগণ মাস্টার ট্রেনার হবেন।

৭) প্রকল্পের সাথে এ বিষয়ে যোগাযোগের জন্য ০২-৪১০৫০১০২ (উপ-পরিচালক), ০১৮১৯১২৬৪৮৬ (সহকারী পরিচালক (প্রশিক্ষণ-

১)) বা ০১৬৮৪৮২৬৫৫০ (সহকারী পরিচালক (মনিটরিং)) নম্বর ব্যবহারের পরামর্শ দেয়া হল।



(প্রফেসর ড. মোঃ আব্দুস সবুর খান)
প্রকল্প পরিচালক


27/2/19

সিনিয়র সিস্টেম এনালিস্ট

ইএমআইএস সেল

মাউশি অধিদপ্তর

(পত্রটি মাউশির ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।